

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সাউদী আরবের অধিকাংশ লোকেরা নামাযে 'জালসায়ে ইস্তিরাহাহ' করে না কেন?

সেখানকার অধিকাংশ উলামা মনে করেন, তা সুন্নত নয়। কারণ নবী (সঃ) এর নামায পদ্ধতির অধিকাংশ হাদীসে তা বর্ণিত হয়েন। কেবল মালেক বিন হুয়াইরিসের একটিমাত্র হাদিসে তা বর্ণিত হয়েছে। ১৮৫ আর তাঁর মনে করেন, নবী (সঃ) বার্ধক্য অথবা অন্য কারণে উক্ত (দ্বিতীয় বা চতুর্থ রাকাআতে ওঠার পূর্বে)বৈঠকে বসেছেন। তবে সঠিক এই যে উক্ত 'জালসাহ' সর্বদা মুস্তাহাব। আর অন্য বর্ণনায় উল্লেখ না হওয়া এ কথার দলীল নয় য়ে, তা সুন্নত বা মুস্তাহাব নয়। য়েহেতু নবী (সঃ) যে কাজ করেন, সাধারণতঃ তা অনুসরনীয় তারিকা হিসেবেই করেন। তাছাড়া আবৃ হুমাইদ সায়েদীর হাদীসেও উক্ত জালসার কথা উল্লেখ হয়েছে। তিনি দশজন সাহাবীর সামনে ঐ জলসাহ করে নবী (সঃ) এর নামায়ের পদ্ধতি বর্ণনা করেছেন এবং সকলেই তা সমর্থন করেছেন। ১৮৬

ফুটনোট

১৮৫ (বুখারী ৮১৮ নং), ১৮৬ (আহমাদ ৫/৪২৪, আবূ দাউদ ৭০৩ নং)(লাজনাহ দায়েমাহ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=142

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন